

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ১৪ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ/ ২৮ জুন, ২০০৭ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৬৮-আইন/২০০৭/২১৫৯/শুল্ক।— Customs Act, 1969 (Act IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, অত্র বিভাগের ২৬ ভান্ড, ১৪১০ বঙ্গাব্দ মোতাবেক ১০ সেপ্টেম্বর, ২০০৩ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২৬৯-আইন/২০০৩/২০২৩/শুল্ক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের প্রস্তাবনার -

(ক) “মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪(১) এবং অর্থ আইন, ১৯৯৭ (১৯৯৭ সনের ১৫নং আইন) এর ধারা ৭ এর উপ-ধারা (১) এর শর্তাংশে” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাণ্ডলি এবং বন্ধনীগুলির পরিবর্তে “এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১)” শব্দগুলি, সংখ্যাগুলি, কমাণ্ডলি এবং বন্ধনীগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(খ) এন্ট্রি “১২%” এর পরিবর্তে এন্ট্রি “১৫%” প্রতিস্থাপিত হইবে।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০০৭ খ্রিস্টাব্দ/১৭ আষাঢ়, ১৪১৪ বঙ্গাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(বিদ্যুর রহমান)
সচিব।